

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৪৮৬

পানিসাগর, ০৩ অক্টোবর, ২০২৪

**পানিসাগরে টারশিয়ারী ওয়েস্ট ট্রিটমেন্ট প্ল্যান্টের উদ্বোধন**

গতকাল বিলখৈ গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত চান্দপুরে নবনির্মিত টারশিয়ারী ওয়েস্ট ট্রিটমেন্ট প্ল্যান্টের উদ্বোধন করা হয়। প্ল্যান্টের উদ্বোধন করেন বিধায়ক বিনয়ভূষণ দাস। উদ্বোধকের বক্তব্যে বিধায়ক শ্রী দাস বলেন, সুস্থ সমাজ গঠন করার জন্য আমাদের পরিবেশকে স্বচ্ছ রাখা প্রয়োজন। স্বচ্ছ ভারত অভিযানের মাধ্যমে আমাদের রাজ্যে বিভিন্ন কর্মসূচি রূপায়ন করা হচ্ছে। তিনি বলেন এই ট্রিটমেন্ট প্ল্যান্টের উদ্বোধনের ফলে পানিসাগর এলাকার জনগণ বিভিন্ন ভাবে উপকৃত হবেন। তিনি এই প্ল্যান্টের সংরক্ষন ও রক্ষনাবেক্ষন করার জন্য এলাকাবাসীর প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পানিসাগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ, মহকুমা শাসক সুশান্ত দেববর্মা প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পানিসাগর পঞ্চায়েত সমিতির সদস্য লক্ষ্মীকান্ত দাস, বিলখৈ গ্রাম পঞ্চায়েতের প্রধান ঝিকি গোষ্ঠীমী, মহকুমা পুলিশ আধিকারিক সৌম্য দেববর্মা, নগর পঞ্চায়েতের উপকার্যনির্বাহী আধিকারিক অনিলকুমা দাস প্রমুখ। ট্রিটমেন্ট প্ল্যান্টিটি নির্মাণে মোট ব্যয় হয়েছে ১ কোটি ৪৯ লক্ষ টাকা।

\*\*\*\*\*